# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩






বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
রংপুর বিভাগ, রংপুর।
www.brta.rangpurdiv.gov.bd

# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

**প্রকাশকাল**

অক্টোবর-২০২৩

**প্রকাশক**

বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর

**পরিকল্পনা ও পরিচালনায়**

জনাব এটিএম জালাল উদ্দিন
উপপরিচালক (ইঞ্জিঃ)
বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর


**সার্বিক তত্ত্বাবধান**

জনাব মোঃ নূরুস সাফা সরকার
মোটরযান পরিদর্শক
বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর

**সম্পাদনা**

জনাব মোঃ রাকিবুল ইসলাম
হিসাব রক্ষক
বিআরটিএ রংপুর বিভাগ, রংপুর

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
রংপুর বিভাগ, রংপুর।
www.brta.rangpurdiv.gov.bd



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ



জনাব নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

# -ঃ সূচিপত্র ঃ-


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- | --- |
| | প্রথম অধ্যায় | |
| ১ | ▪ ভূমিকা, রুপকল্প,অভিলক্ষ্য, লক্ষ্য ও উদ্দেশ্যে এবং গুরুত্বপূর্ণ কার্যাবলি<br>▪ বিআরটিএ'র গঠন, ক্রমবিকাশ | ৭-৮ |
| | দ্বিতীয় অধ্যায় | |
| ২ | প্রশাসনিক কার্যক্রম-<br>▪ সুশাসন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এসডিজি<br>▪ জাতীয় শুদ্ধাচার কৌশল এর অগ্রগতি ও অবস্থান, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) | ৯-১০ |
| | তৃতীয় অধ্যায় | |
| ৩ | ▪ ২০২২-২০২৩ অর্থবছরে বিআরটিএ রংপুর বিভাগের উল্লেখ্যযোগ্য অর্জনসমূহ | ১০-১১ |

## ভূমিকাঃ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ২০২২-২০২৩ অর্থবছর থেকে বিআরটিএ'র উদ্যোগে এ বিভাগের আওতাধীন সকল সার্কেল হতে একই দিনে ড্রাইভিং লাইসেন্সের পরীক্ষা ও বায়োমেট্রিক গ্রহন করা হচেছ এবং পরীক্ষায় কৃতকার্য আবেদনকারী কর্তৃক অনলাইনে ফি জমা সাপেক্ষে ড্রাইভিং লাইসেন্সে প্রিন্ট করে ডাক বিভাগের মাধ্যমে গ্রাহকের ঠিকানায় পৌঁছে দেয়া হচ্ছে। ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব ও আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত মোট ৩ (তিন) অর্থ বছরে আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে বিআরটিএ রংপুর বিভাগ কর্তৃক ১৪৮৫৩৯টি মোটরযানের ডিআরসি ইস্যু, ১৪৬৩৫ টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন, ৯৭৫১৩ টি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, ১১৫৫৩৮টি রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন এবং মোটরযান সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদান করা হয়েছে। সড়ক নিরাপত্তা জোরদারকরণের উদ্দেশ্যে বর্ণিত ৩ (তিন) অর্থ-বছরে মোট ৮৮৮৭ জন পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা বিষয়ে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান এবং ৬৬২ টি ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে। গত ২০১৯-২০ অর্থ-বছর থেকে অনলাইনে আবেদন গ্রহণের মাধ্যমে তাৎক্ষণিকলার্নারড্রাইভিংলাইসেন্সইস্যু, যে কোন সার্কেল হতে ফিটনেস নবায়নসহ ভাড়ায় চালিত নয় এরূপ মোটরকার, জিপ ও মাইক্রোবাসের একসাথে ২ (দুই) বছরের ফিটনেস প্রদান করা হয়
।

## রূপকল্প (Vision) :

ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা নিশ্চিত করা।

## অভিলক্ষ্য (Mission) :

আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার, সড়ক নিরাপত্তা বিষয়ে অংশীজনের সচেতনতা বৃদ্ধি, সংশ্লিষ্ট সড়ক পরিবহন আইন প্রয়োগের মাধ্যমে ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

## বিআরটিএ'র লক্ষ্য ও উদ্দেশ্যেঃ

- আধুনিক প্রযুক্তি নির্ভর, সুশৃঙ্খল ও দক্ষ সড়ক পরিবহন সেবা ব্যবস্থা গড়ে তোলা;
- সড়ক পরিবহন ব্যবস্থা নিরাপদ ও পরিবেশবান্ধব করে গড়ে তোলা;
- সড়ক নিরাপত্তা সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, কারিগরি ও শিক্ষামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে দক্ষ চালক সৃষ্টি এবং জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাসকরণ।

- সড়ক পরিবহন ব্যবস্থা আধুনিকায়ন
- সড়ক নিরাপত্তা জোরদার করণ,
- সেবার মান উন্নয়ন ও রাজস্ব আদায়,
- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদার করণ

## গুরুত্বপূর্ণ কার্যাবলী:-

- মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুট পারমিট ইত্যাদি প্রদান;
- মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান;
- যাত্রী ও পণ্য পরিবহণ সার্ভিস কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ;
- সরকারি মোটরযান মেরামত ও অকেজো ঘোষণার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন প্রদান;
- সড়ক দুর্ঘটনায় জড়িত মোটরযানের পরিদর্শন প্রতিবেদন প্রদান;
- সড়ক নিরাপত্তা সম্পর্কিত সচেতনতা কার্যক্রম গ্রহণ;
- সরকার কর্তৃক সংশ্লিষ্ট অন্য কোনো আইন, বিধি, বিধান দ্বারা প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৮৫% আবেদন অনলাইনে (বিএসপি) মোটরযানের রেজিস্ট্রেশন নিস্পত্তিকরণ;
- ৮০% রেজিস্ট্রেশনকৃত মোটরযানের রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজন;
- ৮০% সড়ক দুর্ঘটনার প্রতিবেদন উর্দ্ধতণ কর্তৃপক্ষের নিকট পেরণ;
- ৩ (তিন) হাজার জন পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান;
- ২৪০ টি ভ্রাম্যমান আদালত পরিচালনা, সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০২ টি সভা ও সেমিনার অনুষ্ঠান।

# দ্বিতীয় অধ্যায়

## প্রশাসনিক কার্যক্রম

### ২.১ সুশাসন

গুশাসন প্রতিষ্ঠা, জনগণের হয়রানি হ্রাস, গ্রাহকসেবা নিশ্চিতকরণ এবং জবাদিহীতা প্রতিষ্ঠার লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা-২০১৪, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ আইন-২০১৭, সড়ক পরিবহন আইন-২০১৮, এবং সংশ্লিষ্ট আইন/বিধি বিধান/নীতিমালা অনুযায়ী বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) সকল কার্যক্রম পরিচালনা করা হয়। বিআরটিএ'র কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন, মানসম্মত নাগরিক সেবা নিশ্চিতকরণ ও সুষ্ঠুভাবে কার্যসম্পাদনের লক্ষ্যে প্রতিটি শাখা ভিত্তিক স্ব-স্ব কর্মপরিকল্পনা প্রণয়ন কওে সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুসরণ পূর্বক নথিপত্র উপস্থাপন, নিষ্পত্তি এবং সিদ্ধান্ত প্রদানের চর্চা সুপ্রতিষ্ঠিত করা হয়েছে। বিআরটিএ রংপুর বিভাগের আওতাধীন সার্কেলসমূহের কাজ যথাযথভাবে পালন, গ্রাহক হয়রানি ও আর্থিক লেনদেন বন্ধ করতে আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার, সচেতনতা বৃদ্ধি, আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দালালমুক্ত পরিবেশে জনসেবা নিশ্চিত করতে বিআরটিএ রংপুর বিভাগ প্রতিশ্রুতিবদ্ধ। দালালমুক্ত পরিবেশে গ্রাহকসেবা নিশ্চিত করা এবং সার্কেলসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার স্বার্থে উপপরিচালক(ইঞ্জিঃ) বিআরটিএ রংপুর বিভাগ প্রতিমাসে রংপুর বিভাগের আওতাধীন কমপক্ষে ২টি সার্কেল সরেজমিনে পরিদর্শন করে মতামত/সুপারিশসহ প্রতিবেদন দাখিল করে থাকেন।





উপপরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ রংপুর বিভাগ আওতাধীন সার্কেলসমূহের কর্মকর্তাদের নিয়ে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়

### ২.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) :

বিআরটিএ রংপুর বিভাগ ও সার্কেল অফিসমূহে গণশুনানীর মাধ্যমে গ্রাহকগণের অভিযোগ প্রতিকারের ব্যবস্থা চালু আছে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ অনুসরণে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রয়েছে।

### ২.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) :

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিআরটিএ রংপুর বিভাগ ও আওতাধীন সার্কেল অফিসসমূহে নৈতিকতা কমিটি রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে বিআরটিএ রংপুর বিভাগের সাথে আওতাধীন সার্কেল সমূহের ০৪(চার)টি নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও শুদ্ধাচার কৌশল বিষয়ক বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ২.৫ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

# তৃতীয় অধ্যায়

## ২০২২-২০২৩ অর্থবছরে বিআরটিএ রংপুর বিভাগের বিশেষ অর্জন ঃ

### ৩.১ অনলাইন (বিএসপি) মোটরযানের রেজিস্ট্রেশন আবেদন নিষ্পত্তিকরণ :

| ক্রঃ নং | জেলার নাম | মোট রেজিস্ট্রেশন | অনলাইন রেজিস্ট্রেশন | অফলাইন রেজিস্ট্রেশন | গড় অনলাইন রেজিস্ট্রেশন |
|---|---|---|---|---|---|
| ১ | রংপুর | ৪৮৩৬ | ৪৭৯১ | ৪৫ | ৯৯% |
| ২ | নীলফামারী | ২৫১৬ | ২৪৫৪ | ৬২ | ৯৭% |
| ৩ | দিনাজপুর | ৫০১৪ | ৪৯৭৩ | ৪১ | ৯৯% |
| ৪ | ঠাকুরগাঁও | ২৪২১ | ২২৯৮ | ১২৩ | ৯৫% |
| ৫ | পঞ্চগড় | ১০৭১ | ৮৫৬ | ২১৫ | ৮০% |
| ৬ | গাইবান্ধা | ৩৪১১ | ৩২৭৯ | ১৩২ | ৯৬% |
| ৭ | কুড়িগ্রাম | ৩৯৩২ | ৩৮৪৬ | ৮৬ | ৯৭% |
| ৮ | লালমনিরহাট | ২০৮৫ | ১৯৭৩ | ১১২ | ৯৪% |
| | | ২৫২৮৬ | ২৪৪৭০ | ৮১৬ | |

### ৩.২ মালিকানা বদলী আবেদন নিষ্পত্তিকৃত :

| ক্রঃ নং | জেলার নাম | প্রাপ্ত আবেদন সংখ্যা | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | গড় (%) |
|---|---|---|---|---|
| ১ | রংপুর | ৯৫ | ৮২ | ৮৬% |
| ২ | নীলফামারী | ২৭ | ২৭ | ১০০% |
| ৩ | দিনাজপুর | ৮১ | ৮১ | ১০০% |
| ৪ | ঠাকুরগাঁও | ০৯ | ০৯ | ১০০% |
| ৫ | পঞ্চগড় | ০৫ | ০৫ | ১০০% |
| ৬ | গাইবান্ধা | ১৭১ | ১৬৩ | ৯৫% |
| ৭ | কুড়িগ্রাম | ২৩ | ২৩ | ১০০% |
| ৮ | লালমনিরহাট | ১১ | ১১ | ১০০% |
| মোট | | ৪২২ | ৪০১ | |

### ৩.৩ নবায়নকৃত মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদানের জন্য গৃহীত সময় :

| ক্রঃ নং | সার্কেলের নাম | প্রাপ্ত আবেদন সংখ্যা | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | লক্ষ্যমাত্রা (গড় দিন) | গড় (দিন) |
|---|---|---|---|---|---|
| ১ | রংপুর | ১৬৯৬ | ১৬৯৬ | ১ | ১ |
| ২ | নীলফামারী | ২৩১ | ২৩১ | ১ | ১ |
| ৩ | দিনাজপুর | ১১৩৯ | ১১৩৯ | ১ | ১ |
| ৪ | ঠাকুরগাঁও | ১৫১০ | ১৫১০ | ১ | ১ |
| ৫ | পঞ্চগড় | ৫৬৯ | ৫৬৯ | ১ | ১ |
| ৬ | গাইবান্ধা | ১৫৯১ | ১৫৯১ | ১ | ১ |
| ৭ | কুড়িগ্রাম | ২৭৪ | ২৭৪ | ১ | ১ |
| ৮ | লালমনিরহাট | ১৩৪ | ১৩৪ | ১ | ১ |
| মোট | | ৭১৪৪ | ৭১৪৪ | | |

### ৩.৪ ঃ রিফ্রেশার প্রশিক্ষণ প্রদানকৃত পেশাদার চালকের সংখ্যা ঃ

| ক্রঃ নং | সার্কেলের নাম | প্রশিক্ষণ প্রদানকৃত পেশাদার চালকের সংখ্যা (জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত) |
|---|---|---|
| ১ | রংপুর | ১৪৫৩ |
| ২ | নীলফামারী | ৫৩৬ |
| ৩ | দিনাজপুর | ৭২৮ |
| ৪ | ঠাকুরগাঁও | ৩৮৭ |
| ৫ | পঞ্চগড় | ৩৫৬ |
| ৬ | গাইবান্ধা | ১০৪৩ |
| ৬ | কুড়িগ্রাম | ৬০৫ |
| ৮ | লালমনিরহাট | ৪২০ |
| | | ৫৫২৮ |

### ৩.৬ ২০২২-২০২৩ অর্থবছরে পরিচালিত মোবাইল কোর্ট/অভিযান :

| ক্রঃ নং | সার্কেলের নাম | অভিযানের সংখ্যা |
|---|---|---|
| ১ | রংপুর | ৫৭ |
| ২ | নীলফামারী | ৩৫ |
| ৩ | দিনাজপুর | ৫৭ |
| ৪ | ঠাকুরগাঁও | ৭৩ |
| ৫ | পঞ্চগড় | ৭৯ |
| ৬ | গাইবান্ধা | ৩৫ |
| ৬ | কুড়িগ্রাম | ৫৫ |
| ৮ | লালমনিরহাট | ৫৫ |
| মোট | | ৪৪৬ |